ইসরায়েলে ইন্টেলের চিপ কারখানায় বিস্ফোরণ, আহত ৩



ছবি: সংগৃহীত

দক্ষিণ ইসরায়েলের কিরিয়াত গাতে মার্কিন প্রযুক্তি প্রতিষ্ঠান ইন্টেলের একটি চিপ উৎপাদন কারখানায় বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে অন্তত তিনজন গুরুতর আহত হয়েছেন বলে ইসরায়েলি গণমাধ্যমের খবরে জানানো হয়েছে।

বুধবার (১৪ অক্টোবর) কারখানাটিতে বিপজ্জনক রাসায়নিক পদার্থের কারণে সৃষ্ট আগুনের মধ্যে বিস্ফোরণ ঘটে বলে জানা গেছে।

স্থানীয় সময় দুপুর ২টা ১২ মিনিটে দমকল বাহিনীকে খবর দেওয়া হয়। পরে আগুন নিয়ন্ত্রণ, তল্লাশি ও উদ্ধারকাজ চালাতে ঘটনাস্থলে পৌঁছান দমকল ও উদ্ধারকর্মীরা। পাশাপাশি রাসায়নিক ছড়িয়ে পড়ার ঝুঁকি যাচাইয়ে বিপজ্জনক পদার্থ ব্যবস্থাপনা বিশেষজ্ঞদেরও পাঠানো হয়।

LENS ASIA